

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংযোগ শাখা
www.cabinet.gov.bd

নং-০৪.৫১২.০৮২.০০.০০.০৪৬.২০১০.৫০

তারিখঃ ২৩.১১.১৪১৯/০৭.০৩.২০১৩


বিষয়ঃ মহানগর, জেলা, উপজেলা, পৌরসভা, ওয়ার্ড ও ইউনিয়ন পর্যায়ে 'সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটি' গঠন।

দেশের বিভিন্ন এলাকায় সংঘটিত সহিংসতার পরিপ্রেক্ষিতে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ৬ মার্চ ২০১৩ তারিখের ৪৪.০০.০০০০.০৭৫.০১.০০১.১৩.২৪২ সংখ্যক স্মারকে সামাজিক অস্থিরতা সৃষ্টি ও দেশের স্থিতিশীলতা বিনষ্ট করার অপচেষ্টা রোধ এবং সর্বত্র শান্তি-শৃঙ্খলা বজায় রাখার লক্ষ্যে স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ এবং বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক, ধর্মীয়, পেশাজীবী ও ব্যবসায়ী সংগঠনের প্রতিনিধিবৃন্দকে নিয়ে গণসংযোগের মাধ্যমে জনমত সৃষ্টির নির্দেশনা দেওয়া হয়েছে। মহানগর, জেলা, উপজেলা, পৌরসভা, ওয়ার্ড ও ইউনিয়ন পর্যায়ে 'সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটি' গঠনের মাধ্যমে এ উদ্যোগকে অধিকতর কার্যকর ও ফলপ্রসূ করা সম্ভব। এ সকল কমিটিতে জনপ্রতিনিধিবৃন্দকেও সম্পৃক্ত করা সমীচীন।

২। এমতাবস্থায়, জেলা পর্যায়ে জেলা প্রশাসক এবং উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসারের সভাপতিত্বে অবিলম্বে 'সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটি' গঠনের নিমিত্ত জেলা প্রশাসকগণকে নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হল। মহানগর এলাকায় উক্ত কমিটি গঠনের বিষয়ে স্থানীয় সরকার বিভাগ প্রয়োজনীয় নির্দেশনা জারি করবে। এ সকল কমিটি সংশ্লিষ্ট এলাকায় সহিংসতা ও নাশকতা রোধ এবং শান্তি-শৃঙ্খলা বজায় রাখার লক্ষ্যে নিয়মিতভাবে পরিস্থিতি পর্যালোচনা এবং স্থানীয় জনগণের সহযোগিতা নিয়ে যথাযথ কার্যক্রম গ্রহণ করবে।

৩। জেলা কমিটির সভায় আলোচনাপূর্বক পৌর ও ওয়ার্ড কমিটি এবং উপজেলা কমিটির সভায় আলোচনাপূর্বক ইউনিয়ন কমিটি গঠন করতে হবে। জেলা পরিষদের প্রশাসক ও উপজেলা পরিষদের চেয়ারম্যান যথাক্রমে জেলা ও উপজেলা কমিটির সভায় উপদেষ্টা হিসাবে অংশগ্রহণ করবেন। মাননীয় সংসদ সদস্যবৃন্দ তাঁদের নিজ এলাকায় অবস্থান করলে তাঁরা বিশেষ আমন্ত্রণে সংশ্লিষ্ট মহানগর/জেলা/উপজেলা কমিটির সভায় উপস্থিত থেকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবেন।

৪। মহানগর ও জেলা সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির সভার কার্যবিবরণীর অনুলিপি মন্ত্রিপরিষদ বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনারের কার্যালয় এবং প্রয়োজন অনুসারে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরে প্রেরণ করতে হবে। জেলা প্রশাসকগণ উপজেলা, পৌরসভা, ওয়ার্ড ও ইউনিয়ন পর্যায়ে গঠিত এ সংক্রান্ত কমিটিসমূহের কার্যক্রম পরিবীক্ষণ করবেন এবং এ সম্পর্কিত সংক্ষিপ্ত প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ ও বিভাগীয় কমিশনারের কার্যালয়ে প্রেরণ করবেন।


(আলমউল হাফ হোসেন সেখ)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৭১৬৮৩৯৬

বিতরণঃ কার্যার্থেঃ

- ১। সচিব, স্থানীয় সরকার বিভাগ
- ২। বিভাগীয় কমিশনার (সকল)

জ্ঞাতার্থেঃ

- ১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ২। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।